



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০- ২২৯৪৮/১৪

তারিখ: ১২/০৮/২০২০খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস-২০২০' যথাযোগ্য মর্যাদায় পালন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস-২০২০' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র: নং	জাতীয় কর্মসূচি
০১	১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার অধিদপ্তরাধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।
০২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালন করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করবে।
০৩	ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৭৫' এর ১৫ আগস্টে সকল শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।
০৪	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের ব্যানার/ফেস্টুন/পোস্টারের মাধ্যমে জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য প্রচারের ব্যবস্থা করতে হবে।
০৫	ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সজ্ঞতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
০৬	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনাটক', 'আমার দেখা নয়াচীন' ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৭	জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কর্মসূচি সম্পর্কে প্রতিবেদন (ছবিসহ) আগামী ২৫ আগস্ট ২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জেলা শিক্ষা অফিসে এবং কলেজসমূহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে।
০৮	এ দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্য যে কোন আয়োজন প্রতিষ্ঠানসমূহে স্বাস্থ্যবিধি মেনে নিজ উদ্যোগে পালন করতে পারবে।


(মো: রুহুল মমিন)

উপপরিচালক (সাধারণ প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. উপপরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. জেলা শিক্ষা অফিসার, সকল (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয় (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৪. সংরক্ষণ নথি।